# শারহু মাসাইলিল জাহিলিয়্যাহ

বিভাগ/অধ্যায়ঃ ১১০. হক্বপন্থী দাঈ (আল্লাহর পথে আহবানকারী) এর সাথে শত্রুতা করা

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

যারা ন্যায়ের আদেশ দেয়, তাদেরকে হত্যা করা।

ব্যাখ্যা: ইয়াহুদীদের গর্হিত কর্ম-কান্ড হচ্ছে নাবী ও দা‘ঈদেরকে হত্যা করা। আল্লাহ তা‘আলা বলেন,

(إِنَّ الَّذِينَ يَكْفُرُونَ بِآيَاتِ اللَّهِ وَيَقْتُلُونَ النَّبِيِّينَ بِغَيْرِ حَقٍّ وَيَقْتُلُونَ الَّذِينَ يَأْمُرُونَ بِالْقِسْطِ مِنَ النَّاسِ فَبَشِّرْهُمْ بِعَذَابٍ أَلِيمٍ) [آل عمران: 21]

নিশ্চয় যারা আল্লাহর আয়াতসমূহের সাথে কুফরী করে এবং অন্যায়ভাবে নাবীদেরকে হত্যা করে, আর মানুষের মধ্যে থেকে যারা ন্যায়-পরায়ণতার নির্দেশ দেয় তাদেরকে হত্যা করে, তুমি তাদেরকে যন্ত্রণাদায়ক আযাবের সুসংবাদ দাও (সূরা আলে-ইমরান ৩:২১)।

অনুরূপভাবে যারা হক্বের বিরোধিতা করে ও আল্লাহর রাস্তায় বাধা দেয় এবং হক্বপন্থী দা‘ঈ, সৎকাজের আদেশদাতা ও অসৎকাজ থেকে বাধা দান কারীদেরকে হত্যা করে; তাদের ব্যাপারেই উল্লেখিত আয়াতে আলোচনা করা হয়েছে। আর এসব গর্হিত কাজ যারা করে, তারাই জাহিল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9075

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন